

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ মাঘ ১৪২৬/১০ ফেব্রুয়ারি ২০২০

নম্বর: ০৮.০০.০০০০.৪২১.৮৪.০৮৩.১৯.৭১—গত ২২ জানুয়ারি ২০২০ তারিখে ব্রিটিশ সাময়িকী দ্য ইকোনমিস্ট ম্যাগাজিনের গবেষণা প্রতিষ্ঠান ‘দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট’ কর্তৃক পরিচালিত জরিপে বিশ্ব গণতন্ত্র সূচকে বাংলাদেশ ২০১৯ সালে ৫.৮৮ সার্বিক পয়েন্ট অর্জন করে তার পূর্বের অবস্থান থেকে আট ধাপ এগিয়ে ৮০তম অবস্থানে উন্নীত হয়। উল্লেখ্য ‘দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট’ বিভিন্ন দেশের নির্বাচন ব্যবস্থা ও বহুদলীয় পরিস্থিতি, সরকারের সক্রিয়তা, রাজনৈতিক অংশগ্রহণ, রাজনৈতিক সংস্কৃতি এবং নাগরিক অধিকার এই পাঁচটি মানদণ্ডের ভিত্তিতে বিশ্বে গণতন্ত্র সূচক নির্ণয় করে।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা ও স্বীকৃতি অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত উন্নততর ও সুসংহত করে চলেছে। এর ফলশুতিতে ব্রিটিশ সাময়িকী দ্য ইকোনমিস্ট ম্যাগাজিনের গবেষণা প্রতিষ্ঠান ‘দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট’ কর্তৃক পরিচালিত জরিপে বিশ্ব গণতন্ত্র সূচকে বাংলাদেশ ৮০তম স্থান লাভ করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভার ১৩ মাঘ ১৪২৬/২৭ জানুয়ারি ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উষ্ণ অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ২১৯১ )  
মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৩ মাঘ ১৪২৬  
ঢাকা : ২৭ জানুয়ারি ২০২০

গত ২২ জানুয়ারি ২০২০ তারিখে ব্রিটিশ সাময়িকী দ্য ইকোনমিস্ট ম্যাগাজিনের গবেষণা প্রতিষ্ঠান ‘দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট’ কর্তৃক পরিচালিত জরিপে বিশ্ব গণতন্ত্র সূচকে বাংলাদেশ ২০১৯ সালে ৫.৮৮ সার্বিক পয়েন্ট অর্জন করে তার পূর্বের অবস্থান থেকে আট ধাপ এগিয়ে ৮০তম অবস্থানে উন্নীত হয়। উল্লেখ্য ‘দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট’ বিভিন্ন দেশের নির্বাচন ব্যবস্থা ও বহুদলীয় পরিস্থিতি, সরকারের সক্রিয়তা, রাজনৈতিক অংশগ্রহণ, রাজনৈতিক সংস্কৃতি এবং নাগরিক অধিকার এই পাঁচটি মানদণ্ডের ভিত্তিতে বিশ্বে গণতন্ত্র সূচক নির্ণয় করে। উক্ত পাঁচটি মানদণ্ডে একটি দেশের পরিস্থিতি বিবেচনা করে প্রতি সূচকের পূর্ণমান ২ থেরে ১০ ক্ষেত্রের ভিত্তিতে এই সূচক নির্ণয় করে গবেষণা প্রতিষ্ঠানটি। উল্লেখ্য, বিশ্বের ১৬৫টি দেশ ও দুটি ভূখণ্ডের এই সূচকে এ বছর প্রাগ্সরমান ধারায় উত্তরণ ঘটালো বাংলাদেশ। এশিয়া ও অস্ট্রেলিয়া মহাদেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ১৭তম।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ সালের ৩০ ডিসেম্বর তারিখে একটি অবাধ নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনে বিজয়ী হয়ে টানা তৃতীয় মেয়াদের জন্য সরকার পরিচালনার সুযোগ পান। তাঁর নেতৃত্বাধীন সরকার গত ১০ বছরে দেশের গণতন্ত্রকে শক্তিশালী ভিত্তের উপর প্রতিষ্ঠার জন্য সংবিধান সংশোধনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তাঁর সরকার নির্বাচনে সকল দলের অংশগ্রহণ, সুষ্ঠু রাজনৈতিক পরিবেশ উন্নয়ন এবং গণতান্ত্রিক সংস্কৃতি সুসংহতকরণে নিরস্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। সমাজে গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠা ও এর সুষ্ঠু বিকাশের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আপোষযীন ভূমিকা, সুশাসন প্রতিষ্ঠার ঐকান্তিক প্রয়াস, বাংলাদেশের অর্থনীতির ত্বরণাগত উন্নয়ন ও সম্প্রসারণ, সামাজিক প্রাগ্সরতাসহ বিভিন্ন মানব-উন্নয়ন সূচকের ধারাবাহিক উর্ধ্বগামিতা বজায় রাখা এবং আন্তর্জাতিক পর্যায়ে কার্যকর নেতৃত্বানন্দের সক্ষমতা — তাঁকে বিশ্বের দরবারে সুউচ্চ আসনে সমাসীন করেছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা ও স্বীকৃতি অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক পরিম্বলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত উন্নততর ও সুসংহত করে চলেছে। এরই ধারাবাহিকতায় ব্রিটিশ সাময়িকী দ্য ইকোনমিস্ট ম্যাগাজিনের গবেষণা প্রতিষ্ঠান ‘দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট’ কর্তৃক পরিচালিত জরিপে বিশ্ব গণতন্ত্র সূচকে বাংলাদেশ ৮০তম স্থান লাভ করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উক্ষণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)